

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার পত্র নং- ৩৫

তারিখঃ ১৫ আশ্বিন, ১৪২৭
৩০ সেপ্টেম্বর, ২০২০

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকে পত্র প্রেরণের ক্ষেত্রে পরিপালনীয় নির্দেশনা প্রসঙ্গে।

এ বিভাগের ০৬/১০/২০০৯ তারিখের সার্কুলার পত্র নং এফইপিডি(এএন্ডএনএফবিপি)/১১১/২০০৯-৪৯৩ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত পত্রে Guidelines for Foreign Exchange Transactions এবং তৎপরবর্তীতে ইস্যুকৃত এফই সার্কুলার/সার্কুলার লেটার এর আওতায় ব্যাংক কর্তৃক নিষ্পন্নযোগ্য নয় গ্রাহকের এমন আবেদনসমূহের যৌক্তিকতা উল্লেখপূর্বক উক্ত বিষয়ে সিদ্ধান্তের জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণের নির্দেশনা দেয়া হলেও অনুমোদিত ডিলার ব্যাংক তাদের দ্বারা নিষ্পত্তিযোগ্য আবেদনপত্রও সিদ্ধান্তের জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করেছে। এছাড়া গ্রাহকের আবেদনপত্র প্রসঙ্গে এডিদের মতামত/সুপারিশ, প্রয়োজনীয় কাগজপত্র, স্বাক্ষরকারী ব্যাংক কর্মকর্তার পদবী ও ফোন নম্বর উল্লেখ না করেই বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করায় গ্রাহক হয়রানিসহ কার্য সম্পাদনে জটিলতা সৃষ্টি হচ্ছে। এতদপ্রেক্ষিতে গ্রাহকের আবেদনের সূত্রে বাংলাদেশ ব্যাংকে পত্র প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত পরিপালনীয় বিষয়সমূহ অনুসরণ করার জন্য পুনরায় নির্দেশনা দেয়া হ'ল :

ক) গ্রাহকদের নিকট হতে প্রাপ্ত আবেদনপত্র Guidelines for Foreign Exchange Transactions-2018 এবং তৎপরবর্তী সময়কালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত এফই সার্কুলার/সার্কুলার লেটার এর নির্দেশনা অনুযায়ী প্রাধিকারের আওতায় স্বীয় বিবেচনায় নিষ্পত্তি করতে হবে;

- খ) (i) বিদ্যমান নীতিমালার আওতায় যে সকল আবেদনপত্র নিষ্পত্তি করা সম্ভব নয় সে ক্ষেত্রে প্রেক্ষাপট বর্ণনাপূর্বক মতামত/সুপারিশসহ সংশ্লিষ্ট শাখা প্রধান/বিভাগীয় প্রধানসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার যৌথ স্বাক্ষরে ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে প্রেরণ করতে হবে;
- (ii) প্রেরিত পত্রটি ব্যাংকের সংশ্লিষ্ট শাখা/বিভাগের পূর্ণ ঠিকানা সম্বলিত অফিসিয়াল লেটার হেড প্যাডে (ফটোকপি গ্রহণযোগ্য নয়) প্রেরণ করতে হবে;
- (iii) পত্রের সূত্র নম্বর ও পত্র ইস্যুর তারিখ, পূর্ণ স্বাক্ষরসহ (ব্যাংকের বহিতে প্রদত্ত Specimen Signature এর অনুরূপ) স্বাক্ষরকারী কর্মকর্তার নাম ও পদবী, এসএস নম্বর/পিএ নম্বর/পিওএ নম্বর/এফএক্স/এফএস নম্বর (যে নামেই অভিহিত হোক না কেন), সরাসরি টেলিফোন নম্বর ও মোবাইল ফোন নম্বর (উভয়ই) এবং ই-মেইল ঠিকানা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;
- (iv) আবশ্যিকভাবে কর্মকর্তার অফিসিয়াল সিল ব্যবহার করতে হবে;

গ) আবেদনপত্রের যথার্থতা বিস্তারিতভাবে পর্যালোচনা ও যৌক্তিকতা উল্লেখপূর্বক আবেদনের সমর্থনে সুপারিশসহ যাবতীয় দলিলাদির স্পষ্ট ও পাঠযোগ্য ফটোকপি যথাযথভাবে সত্যায়নপূর্বক (সত্যায়নকারী কর্মকর্তার পূর্ণ নাম, সীলসহ) সংযোজন করতে হবে। এতদক্ষেত্রে অনুস্বাক্ষর গ্রহণযোগ্য হবে না;

(ঘ) উপরোক্ত নির্দেশনা পরিপালন নিশ্চিত না করা হলে সংশ্লিষ্ট আবেদন বিবেচনাযোগ্য হবে না।

বিষয়টি অতীব জরুরি গণ্য করবেন।

সংযুক্তি : ০১ (এক)।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

সার্কুলারপত্র নং-এফইপিডি(এএন্ডএনএফবিপি)/১১১/২০০৯-৪৯৩

তারিখঃ আশ্বিন ২১, ১৪১৬
অক্টোবর ০৬, ২০০৯

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

গ্রাহকের আবেদনপত্রের যথার্থতা পর্যালোচনা না করে সিদ্ধান্তের জন্য
বাংলাদেশ ব্যাংকে প্রেরণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, তফসিলি ব্যাংকসমূহ তাদের গ্রাহকদের আবেদনপত্রের যথার্থতা বিস্তারিতভাবে পর্যালোচনা না করে কেবলমাত্র একটি 'ফরোয়ার্ডিং লেটার' সংযুক্ত করে প্রয়োজনীয় সিদ্ধান্তের জন্য সরাসরি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করে। এসব পত্রের অধিকাংশ পর্যালোচনা দেখা যায় যে, Guidelines for Foreign Exchange Transactions (GFET) এবং বিভিন্ন সময়ে জারীকৃত সার্কুলার/সার্কুলারপত্রের নির্দেশনার আলোকে ব্যাংক নিজেরাই সিদ্ধান্ত গ্রহণ করে ঐ সকল কেস নিষ্পত্তি করতে প্রাধিকারপ্রাপ্ত। যে সকল গ্রাহকের আবেদনপত্র গাইডলাইন্সে বিদ্যমান নীতিমালার আলোকে নিষ্পত্তি করা সম্ভবপর নয়, সেগুলো যথাযথ পর্যালোচনা/মতামতসহ অত্র বিভাগে প্রেরণ করার জন্য অত্র বিভাগ থেকে সার্কুলার পত্র নং-এফইপিডি(কম)/১১২/২০০১-৫৮৮ তাং-১৪/০৫/২০০১ইং এর মাধ্যমে সকল তফসিলি ব্যাংকে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু এরপরও দেখা যাচ্ছে যে, সে সব নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালিত হচ্ছে না।

এমতাবস্থায়, সকল তফসিলি ব্যাংককে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করে গ্রাহকের আবেদনপত্র বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হলো :

- (১) গ্রাহকদের নিকট হতে প্রাপ্ত আবেদনপত্র Guidelines for Foreign Exchange Transactions-2009 ও বিদ্যমান নিয়ম-নীতি এবং বিভিন্ন সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এফই সার্কুলার/সার্কুলার লেটার এর নির্দেশনা অনুযায়ী বিবেচনা করতে হবে এবং সে অনুযায়ী নিষ্পত্তি করতে হবে।
- (২) বিদ্যমান নীতিমালা অনুযায়ী এ সকল আবেদনপত্রের নিষ্পত্তি করা সম্ভব না হলে প্রেক্ষাপট বর্ণনাপূর্বক মতামত/সুপারিশসহ সংশ্লিষ্ট শাখা প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষরে কেসটি ফরোয়ার্ডিং পত্রের মাধ্যমে প্রেরণ করতে হবে। প্রেরিতব্য পত্রে সূত্র, তারিখ, স্বাক্ষরকারী কর্মকর্তার নাম ও পদবী এবং টেলিফোন নম্বর (অথবা মোবাইলফোন নম্বর) সুস্পষ্টভাবে পত্রে উল্লেখ থাকতে হবে।
- (৩) আবেদনপত্রের যথার্থতা বিস্তারিতভাবে যাচাই, পরীক্ষণ ও যৌক্তিকতা উল্লেখপূর্বক আবেদনের সমর্থনে সুপারিশসহ যাবতীয় দলিলাদির ফটোকপি যথাযথভাবে প্রত্যয়নপূর্বক সংযোজন করতে হবে।
- (৪) সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(স্বাক্ষরকার আবদুস সেলিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫